ReachOut
YOUTH SOLUTIONS



পরিপক্কতার দিকে অগ্রসর হবার সিরিজ থেকে

# শুরু হতে যাচ্ছে









ব্যারি সেন্ট ক্লেইর

# শুরু হতে যাচ্ছে

পরিপক্কতার দিকে অগ্রসর হবার সিরিজ থেকে

# ব্যারি সেন্ট ক্লেইর

# শুরু হতে যাচ্ছে

আইএসবিএন:  ৯৭৮১৬১০৪৭২৪৯৪

প্রকাশিত হয়েছে নভো ইঙ্ক-এর দ্বারা– www.novoink.com

কপিরাইট ২০১১ ব্যারি সেইন্ট ক্লেইর দ্বারা।

প্রথম ও দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়েছে রিচ্ আউট ইউথ সল্যুশনস্-এর দ্বারা, ১৯৯৩ এবং ২০০১।

সর্বস্বত্ত্ব সংরক্ষিত। এই বইয়ের কোন অংশ কর্তৃপক্ষের যথাযথ অনুমতি ব্যতিরেকে পুনরুৎপাদন করা যাবে না, আহরণ পদ্ধতিতে সংরক্ষণ, বা অন্য কোন পদ্ধতি বা আকারে, যেমন: ইলেক্ট্রনিক, মেকানিক্যাল, ফটোকপি, রেকর্ডের মাধ্যমে অথবা কোন প্রকাশিত পত্রিকায় এই বইয়ের কোন সংক্ষিপ্ত উদ্ধৃতি  কারো কাছে পাঠানো বা প্রকাশ করা সম্পূর্ণ  নিষিদ্ধ।

# একটি উৎসাহমূলক বাণী

এখন আপনি যীশুকে আপনার জীবনে গ্রহণ করেছেন, আপনি এক আশ্চর্য্যজনক সাহসিক অভিযানের যাত্রা শুরু করছেন যা আপনার জীবনকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে, বর্তমান এবং চিরকালের জন্য।

আপনি যেভাবে শুরু করতে যাচ্ছেন, আপনার জীবনের জন্য ঈশ্বরের আকাঙ্খা কি? প্রেরিত পৌল অত্যন্ত পরিস্কারভাবে বর্ণনা করেছেন: "অতএব খ্রীষ্ট যীশুকে, প্রভুকে, যেমন গ্রহণ করিয়াছ, তেমনি তাঁহাতেই চল; তাঁহাতেই বদ্ধমূল ও সংগ্রথিত হইয়া প্রাপ্ত শিক্ষানুসারে বিশ্বাসে দৃঢ়ীভূত হও, এবং ধন্যবাদ সহকারে উপচিয়া পড়।"

আমার প্রার্থনা আপনার সহবর্তী থাকবে যেমনিভাবে আপনি সাহসিক অভিযানে প্রবেশের জন্য অনুধাবন করছেন যীশুকে জানার জন্য।

# বিশেষ ধন্যবাদ জ্ঞাপন

বিল জোন্স, কেইথ নেইলর এবং ক্রিস ফ্রেয়ার-এর প্রতি, যারা আমার সঙ্গে এই প্রকল্পে কাজ করেছেন।

সেই সব বিশেষ ব্যক্তিবর্গদের প্রতি যারা এই বইয়ের সত্যতা তাদের মাধ্যমে জানার জন্য আমাকে সুযোগ দিয়েছেন।

কিম ডাউড এবং রাল্ফ রোল্যান্ড-এর প্রতি যারা অনুগ্রহপূর্বক তাদের কিছু তথ্যাবলির ধারণা আমাকে এই বইয়ে ব্যবহারের জন্য অনুমতি দিয়েছেন।

# সামনে যা রয়েছে

**সেশন ১**

কি ঘটেছিল যখন আমি খ্রীষ্টকে গ্রহণ করেছি ? ... ... ... ... ... ... ০৫

**সেশন ২**

কিভাবে আমি ঈশ্বরে সঙ্গে যোগাযোগ রাখব ? ... ... ... ... ... ... ১০

**সেশন ৩**

কিভাবে আমি অন্য লোকদের কাছে বলব ? ... ... ... ... ... ... ... ১৩

**সেশন ৪**

কিভাবে আমি সংযুক্ত হতে পারি ? ... ... ... ... ... ... ... ... ... ... ২০

**সেশন ৫**

কি হবে যখন আমি ঝামেলায় জড়াবো ? ... ... ... ... ... ... ... ... ২৪

**সেশন ৬**

কিভাবে আমার জীবন পরিবর্তিত হবে ? ... ... ... ... ... ... ... ... ২৭

# এই বইটির ব্যবহারবিধি

**আপনার নিজের উপর।** আপনি নিজেই এই বইটি পড়তে পারেন। যদি পারেন অন্তত: একজনকে বলুন আপনি এই বইয়ে যা খুঁজে পেয়েছেন।

**একে অন্যের উপর।** আপনি সেই বন্ধুর সাথে সাক্ষাৎ করতে পারেন যিনি খ্রীষ্টের প্রতি আপনাকে পরিচালনা দিয়েছেন, অন্তত: সপ্তাহে একবার একসাথে বেড়ে ওঠার জন্য মিলিত হউন।

**দলীয় অধ্যয়ন।** দলীয় ভাবে এই বইটি ব্যবহার করতে পারেন। দলের সবাই অবশ্যই ছয়টি আলাদা সময়ে মিলিত হতে হবে। যদি চান আপনি সপ্তাহে একবারের বেশিও সাক্ষাৎ করতে পারেন।

# ব্যবহারিক নির্দেশমালা

কিভাবে আপনি এই বই থেকে আরো বেশি কিছু পেতে পারেন:

-> প্রার্থনার মাধ্যমে প্রতিটি সেশন আরম্ভ করুন।

ঈশ্বরকে বলুন আপনার সাথে কথা বলতে। একে অপরের চাহিদার জন্য প্রার্থনা করুন।

-> বাইবেল ব্যবহার করুন।

চেষ্টা করুন (ইংরেজিতে) নিউ ইন্টারন্যাশনাল ভার্সন অথবা নিউ লিভিং বাইবেল এবং (বাংলাতে) কেরী ভার্সন বাইবেল ব্যবহার করতে।

-> সেশন ব্যাপি করণীয় কার্যক্রম।

বাইবেলের পদগুলির প্রতি দৃষ্টি রাখুন।

উত্তরগুলি নিয়ে চিন্তা করুন।

উত্তরগুলি লিখুন।

কোন প্রশ্ন আসলে তা লিখুন।

নির্ধারিত পদগুলি মুখস্ত করুন।

-> বাইবেলের অধ্যয়নের প্রতিটি অংশ আপনার জীবনে প্রয়োগ করুন।

যা শিখেছেন তদ্রূপ কাজ করুন। আপনাদের সম্পর্কসমূহে, মনোভাবসমূহে এবং কার্যসমূহে ঈশ্বরকে সমাদর করুন।

অন্যান্য বিশ্বাসীদের সঙ্গে ঐ বিষয়গুলি সম্পর্কে আলোচনা করুন যারা আপনাকে উৎসাহ এবং উপদেশ দিতে পারবে।

# শুরু হতে যাচ্ছে - সেশন ১

আপনার চারিপাশের কোন ব্যক্তির সঙ্গ আপনি সবচেয়ে বেশি উপভোগ করেন? কেন আপনি তার খুবই অন্তরঙ্গ? কারণ আপনারা একে অন্যকে জানেন এবং পছন্দ করেন, তার সঙ্গে আপনি অনেক সাচ্ছন্দ বোধ করেন। কিন্তু এই জন্য আপনাকে ঐ ব্যক্তির সংস্পর্শে যেতে হয়েছে এবং একসাথে সময় অতিবাহিত করেছেন যেন একে অপরকে জানতে পারেন।

**কী ঘটেছিল যখন আমি খ্রীষ্টকে গ্রহণ করেছি?**

যখন আপনি যীশু খ্রীষ্টকে গ্রহণ করেছেন, এবং প্রথমবারের মতো তার সঙ্গে সাক্ষাৎ করেছেন। আর এখন আপনার সুযোগ তাকে আরো জানার। যত বেশি সময় তার সহিত যাপন করবেন, অন্যদের ন্যায় আপনিও তাকে আরো ভাল করে জানবেন এবং আরো সাচ্ছন্দদায়ক অনুভূতি হবে। আপনি যীশু সঙ্গে নতুন সম্পর্কের মধ্যে আস্থা অর্জন করতে চান।

যীশুকে আরো উত্তমরূপে জানার প্রথম পদক্ষেপ হলো আপনার সম্পর্ক বুঝতে পারা। যেমনিভাবে, আপনি নিচের গুরুত্বপূর্ণ প্রশ্নগুলির উত্তর দিবেন, এর সঙ্গে এটাও লিখবেন যে, আপনার কেমন মনে হয়েছিল যখন যীশুকে গ্রহণ করেছেন।

যীশু আপনার জন্য কি করেছেন যখন যীশুকে গ্রহণ করেছেন?

______________________________________________

খ্রীষ্টকে গ্রহণ করার পর আপনি কিভাবে এখন আগের থেকে আলাদা?

______________________________________________

আপনি কিভাবে আস্থাশীল হতে পারেন যে, যীশু আপনার মধ্যে বাস করেন?

____________________________________________________________

এটা সম্পর্কে আপনার অনুভূতি কি?

____________________________________________________________

এখন আমরা দেখব কিভাবে ঈশ্বর এই প্রশ্নগুলির উত্তর সমূহ বাইবেলে দিয়েছেন। প্রদত্ত উত্তরগুলি পড়ার পূর্বে, আপনার চিন্তা নিজের ভাষায় লিখুন।

**যীশু আপনার জন্য কি করেছেন যখন যীশুকে গ্রহণ করেছেন? পাঠ করুন যোহন ১: ১২ পদ।**

____________________________________________________________

যখন যীশুকে আপনার জীবনে আহ্বান করেছেন, আপনি ঈশ্বরের একজন সন্তানরূপে পরিণত হয়েছেন। আপনি ঈশ্বরের সঙ্গে গভীর সম্পর্কের অভিজ্ঞতা লাভ করতে পারবেন যা শুধুমাত্র ঈশ্বরের সন্তানদের থাকতে পারে। তবে ঈশ্বরের সহিত আপনার সম্পর্ক এতোই গভীর যা এক পিতা সন্তানের মধ্যকার সম্পর্কের থেকেও অধিক কারণ প্রকৃতপক্ষে যীশু আপনার মধ্যে বাস করেন। আপনার তার সহিত এক বিশ্বস্ত সহচার্যতা রয়েছে।

**কোন বিষয়গুলি একজন ব্যক্তি থেকে আপনাকে আলাদা করেছে যিনি খ্রীষ্টকে গ্রহণ করেননি? পাঠ করুন ২য় করিন্থীয় ৫:১৭ পদ।**

____________________________________________________________

যে মুহুর্তে আপনি খ্রীষ্টকে গ্রহণ করেছেন তখনই আপনি এক নতুন মানবরূপ ধারণ করেছেন। আপনার রূপ, অনুভূতি এবং কার্যাবলি আগের ন্যায় হলেও বাইবেল বলে আপনি পুরোপুরি নতুন এবং আলাদা। আপনার পুরানো স্বার্থপর প্রত্যাশা এবং চরিত্রে রূপান্তরিত হয়েছে। কোন কোন পরিবর্তন সমূহ আপনার জীবনে ইতোমধ্যে দেখতে পাচ্ছেন? (প্রতি সপ্তাহে নিজেকে জিজ্ঞেস করার জন্য এটি একটি ভালো প্রশ্ন।)

________________________________________________________________________

**আপনি কিভাবে নিশ্চিত হতে পারেন যে, যীশু আপনার জীবনে আছেন? পাঠ করুন ১ যোহন ৫: ১১-১৩ পদ।**

________________________________________________________________________

যখন থেকে আপনি যীশুকে গ্রহণ করেছেন, পুত্র এবং জীবন উভয়ই আপনি পেয়েছেন। আপনি এই বিষয়ে নিশ্চিত থাকতে পারেন কারণ ঈশ্বর এই প্রতিজ্ঞা করেছেন। আপনার আস্থা আপনার উপর নয়, বরং যীশু খ্রীষ্টের উপর।

**আপনার অনুভূতিগুলি কতটা গুরুত্বপূর্ণ? পাঠ করুন যোহন ১০: ২৭-৩০ পদ।**

________________________________________________________________________

আপনি সবচেয়ে আবেগপূর্ণ যাত্রাটি শুরু করেছেন যা একজন ব্যক্তির অভিজ্ঞতা হতে পারে- যীশুর সহিত একটি ব্যক্তিগত সম্পর্ক। তিনি চান যেন আপনি তাকে জানতে পারেন ও উপভোগ করেন। তিনি আপনাকে পথ দেখাবেন, রক্ষা করবেন, এবং সাহায্য করবেন আপনার সম্পর্ক উন্নয়নে। আপনার দায়িত্ব হলো তাঁর সাথে সময় যাপন করা,

## প্রার্থনার কৌশল:

প্রার্থনা হল
কেবল মাত্র ঈশ্বরের
সঙ্গে কথা বলা।
“নির্ভুল” বাক্য
ব্যবহারের জন্য ভাবিত
হবেন না।
তিনি আপনার বাক্যের
চেয়ে আপনার
মনোভাবের উপর বেশি
লক্ষ্য রাখেন।

তাঁকে বিশ্বাস করা এবং তাঁর বাধ্য থাকা। আপনি অতি আনন্দিত হতে পারেন কিংবা কোন পার্থক্য অনুভব না-ও করতে পারেন। উভয় ক্ষেত্রেই, কোন দুঃশ্চিন্তা করবেন না।

অনুভূতিগুলো চতুর। আপনার অনুভূতি ওঠা নামা করতে পারে। কিন্তু আপনার বিশ্বাস তথ্যভিত্তিক হয়। সুতরাং আপনার অনুভূতির উপর ভরসার পরিবর্তে আপনাকে অবশ্যই বাইবেলে প্রদত্ত প্রতিজ্ঞা সমূহের উপর আরো আস্থা রাখতে হবে। কিরূপ আপনি মনে করেন তা কোন বিষয় নয়, খ্রীষ্ট সর্বদা আপনার পক্ষে বিশ্বস্ত ।

এক্ষুনি, যীশুকে ধন্যবাদ দিন আপনার জন্য যা কিছু তিনি করেছেন এবং তাঁর সাথে আপনার নতুন সম্পর্কের জন্যও।

আপনার প্রার্থনার সারসংক্ষেপ এখানে:

________________________________________

________________________________________

## বাহিরের কার্যাবলি

অতীতের প্রশ্নগুলো আবার পড়ুন এবং আপনি আরো যা জানতে চান তা নিচে লিখুন।

________________________________________

________________________________________

________________________________________

**->** আপনার জীবনের অতীব গুরুত্বপূর্ণ বিষয়গুলো লিপিবদ্ধ করুন (বাবা-মা, পড়াশুনা, বন্ধু-বান্ধব, খেলাধুলা, ইত্যাদি)। কিভাবে এই সকল বিষয়গুলো খ্রীষ্টের সাথে বিদ্যমান নতুন সম্পর্ক দ্বারা পরিবর্তনযোগ্য হতে পারে? ব্যাখ্যা করুন।

১। ______________________________

______________________________

______________________________

২। ______________________________

______________________________

______________________________

৩। ______________________________

______________________________

______________________________

**পুত্রকে যে পাইয়াছে সে সেই জীবন পাইয়াছে; ঈশ্বরের পুত্রকে যে পায় নাই, সে সেই জীবন পায় নাই।**

**মুখস্ত পদ:**
**১ যোহন ৫:১২**

## কিভাবে আমি ঈশ্বরের সহিত যোগাযোগ রাখব?

# শুরু হতে যাচ্ছে-সেশন ২

আপনার শারীরিক বৃদ্ধি আরো গতিময় করে জীবনের এক সময়ে যা অন্য যে কোন সময় থেকে বেশি। ঠিক একই ভাবে, আপনার শারীরিক বৃদ্ধি যেমন গতিময় করে, আপনার আধ্যাত্মিক বৃদ্ধিও গতিময় হয়। আপনি কিভাবে বৃদ্ধি লাভ করতে পারেন? আপনি ঈশ্বরের সাথে যোগাযোগের মাধ্যমেই বৃদ্ধি লাভ করতে পারবেন। তার অর্থ হচ্ছে ঈশ্বরের কথা শোনা এবং তাঁর সাথে কথা বলার শিক্ষা লাভ করা।

## যীশুর কথা শুনুন

যীশু আপনার সাথে যোগাযোগ করতে আগ্রহী। তিনি পবিত্র আত্মাকে পাঠিয়েছেন যেন আপনার মাঝে বাস করতে পারেন এবং আপনি যেন শুনতে পারেন তিনি যা বলতে চান। ঈশ্বর পবিত্র আত্মার মাধ্যমে আপনাকে কি বলবেন?

-> যোহন ১৪:১৫-১৭ ————————————————————

-> যোহন ১৪: ২৬ ————————————————————

-> যোহন ১৬:১৩ ————————————————————

ঈশ্বর চান বাইবেলের মাধ্যমে আপনি তাঁর কথা শুনুন। বাইবেল পাঠের মাধ্যমে ঈশ্বরের কথা শোনার মাঝে কি মূল্য রয়েছে? পাঠ করুন **গীতসংহিতা ১:১-৩**।

————————————————————————————

————————————————————————————

যেমনিভাবে আপনি প্রতিদিন বাইবেল অধ্যয়ন শুরু করছেন এবং এর শিক্ষামালা জীবনে প্রয়োগ করছেন, আপনার জীবন পরিবর্তন হবে। বাইবেল অধ্যয়নের ক্ষেত্রে প্রদত্ত সহজ নীতিমালাগুলো অনুসরণ করুন।

- > বাইবেল বুঝতে এবং তা প্রয়োগ করতে পবিত্র আত্মার সাহায্য যাচঞা করুন এবং প্রার্থনা করুন।
- > অন্ততঃপক্ষে প্রতিদিন একটি করে অধ্যায় পাঠ করুন। মার্ক লিখিত সুসমাচার হতেই শুরু করুন।
- > অধ্যায়গুলির মধ্যে গুরুত্বপূর্ণ পদগুলি নির্বাচন করুন এবং সেগুলি আপনার নিজের ভাষায় লিপিবদ্ধ করুন।

## যীশুর সঙ্গে কথা বলুন

আপনি যীশুর সঙ্গে যে কোন সময় ও যে কোন স্থানে কথা বলতে পারেন। কিন্তু একটি অন্তরঙ্গ আলাপের জন্য, একাকী সময় যাপন খুবই গুরুত্বপূর্ণ। আপনি আপনার অনুভূতি এবং চিন্তাধারা যীশুকে বলতে পারেন। যদিও ঈশ্বর পূর্বে থেকেই জানেন আপনার মনে ও হৃদয়ে কি চলছে, আপনি সম্পূর্ণরূপে তার প্রতি বিশ্বস্ততা প্রদর্শন করতে পারেন।

প্রদত্ত পদগুলোর মধ্যে কি ধরণের সংকেত রয়েছে ঈশ্বরের সাথে কথা বলার ক্ষেত্রে?

- > মার্ক ১:৩৫ ----------------------------------------------------------------------------
- > যোহন ১৫:৭ --------------------------------------------------------------------------
- > ফিলিপীয় ৪: ৬-৭ --------------------------------------------------------------------
- > ১ যোহন ৫:১৪-১৫ ------------------------------------------------------------------

যেমনিভাবে আপনি প্রতিদিন প্রার্থনা করছেন, আপনি ঈশ্বরের সাথে যোগাযোগের উপায় শিখতে পারবেন। ঈশ্বরের সঙ্গে অর্থপূর্ণ উপায়ে কথা বলার জন্য প্রদত্ত সহজ রূপরেখাটি অনুসরণ করুন।

### সাহায্যের জন্য যোগাযোগ করুন

একটি বিশেষ নোটবই যীশুর সাথে যোগাযোগ রাখতে সাহায্য করবে। আপনি বর্হিনাগালে পৌঁছাতে যুব সমাধান প্রকল্প থেকে ঈশ্বরের সঙ্গে একাকী সময় যাপন বইটি অর্ডার করতে পারেন।

- **www.reach-out.org**
- **1-800-473-9456**

এই সপ্তাহে ঈশ্বরের সাথে সাক্ষাতের দিনগুলি লিপিবদ্ধ করুন।

- ❑ রবিবার
- ❑ সোমবার
- ❑ মঙ্গলবার
- ❑ বুধবার
- ❑ বৃহঃস্পতিবার
- ❑ শুক্রবার
- ❑ শনিবার

**তোমরা যাহারা ঈশ্বরের পুত্রের নামে বিশ্বাস করিতেছ, আমি তোমাদিগকে এই সকল কথা লিখিলাম, যেন তোমরা জানিতে পার যে, তোমরা অনন্ত জীবন পাইয়াছ। আর তাঁহার উদ্দেশ্যে আমরা এই সাহস প্রাপ্ত হইয়াছি যে, যদি তাঁহার ইচ্ছানুসারে কিছু যাচঞা করি, তবে তিনি আমাদের যাচঞা শুনেন।**

**মুখস্ত পদ:**
**১ যোহন ৫ : ১২**

**প্রশংসা-** ঈশ্বরের একটি বিশেষ চারিত্রিক গুণাবলি তাঁকে বলুন যা আপনি পছন্দ করেন। গীতসংহিতার একটি অধ্যায় পাঠ করুন।

**পাপ স্বীকার-** ঈশ্বরের সাক্ষাতে আপনার পাপ সমূহ স্বীকার করুন। বিশ্বস্ত থাকুন। অতঃপর, ১ যোহন ১:৯ পদের প্রতিজ্ঞায় প্রদত্ত ক্ষমার প্রতিশ্রুতির দাবি করুন।

**ধন্যবাদ-** যে সকল বিষয়গুলির জন্য ঈশ্বরের কাছে কৃতজ্ঞ তার একটি তালিকা প্রস্তুত করুন।

**আবেদন-** আপনার প্রয়োজন ঈশ্বরকে বলুন। তিনি আপনার প্রয়োজন মিটাতে চান।

**মধ্যস্থতা-** অন্যদের জন্য প্রার্থনা করুন। আপনার পরিবার এবং বন্ধুদের পক্ষেও করুন।

এই "প্রার্থনার উপায়গুলি" আপনাকে জানাতে সাহায্য করবে যে ঈশ্বর আপনাকে কী বলছেন এবং আপনি তাঁকে কী বলছেন। যেমনিভাবে আপনি প্রতিদিন এই "প্রার্থনার উপায়গুলি" ব্যবহার করছেন সেক্ষেত্রে আপনার মতামত নিচে লিখুন। (***ঈশ্বরের সঙ্গে একাকী সময় যাপন নোটবইটি*** আপনাকে এই বিষয়ে আরো বুঝতে সাহায্য করবে।)

## বাহিরের কার্যাবলি

-> প্রতিদিনের একটি নির্দিষ্ট সময় নির্বাচন করুন বাইবেল অধ্যয়নের জন্য। একটি সময় বের করুন যখন ঈশ্বরের সাথে একান্ত সময় যাপন করতে পারেন।

সময়: ______________________________

এমন একটি স্থান নির্বাচন করুন যেখানে আপনি বিঘ্নিত হবেন না।

স্থান: ______________________________

-> *ঈশ্বরের সঙ্গে একাকী সময় যাপন* নোট বইটি অর্ডারের জন্য ফোন করুন- **১-৮০০-৪৭৩-৯৪৫৬** নম্বরে অথবা ইমেইল করুন- **www.reach-out.org**

# শুরু হতে যাচ্ছে-সেশন ৩

## কিভাবে আমি অন্যদের কাছে বলব ?

কখনো কখনো আপনার খুব কাছের লোকটিকে খুবই গুরুত্বপূর্ণ ও অর্থবহ কথাগুলো বলা সবচেয়ে কঠিনতম কাজ হয়ে দাড়ায়। সাধারণতঃ এর মূল কারণ হচ্ছে আপনি আন্তরিকভাবে চান যেন ঐ ব্যক্তি আপনার কথা বুঝতে পারে এবং আপনি ভীত থাকেন, সে হয়তো বুঝবে না। এক্ষেত্রে খোলামেলা ও ইতিবাচক যোগাযোগ, বিশেষ করে আপনার পিতামাতা ও বন্ধুদের সাথে, এটা হলো সবচেয়ে ভালো উপায়। হয়তো সকল পিতামাতা বা বন্ধু-বান্ধব একই ধরণের সাড়া প্রদান করবে না।

বিবৃতিগুলি পরীক্ষা করুন যে গুলো আপনার পিতামাতা ও বন্ধুদের সাড়া প্রদানকে প্রতিনিধিত্ব করে যীশুর সাথে আপনার নতুন সম্পর্কের ক্ষেত্রে, অথবা সেগুলো কি ধরণের হতে পারে বলে মনে করেন।

| পিতামাতা | বন্ধু-বান্ধব | |
|---|---|---|
| ☐ | ☐ | “আমরা তোমার জন্য উদ্ভাসিত!” |
| ☐ | ☐ | “এটা তোমার জীবন।” |
| ☐ | ☐ | “আমরা বুঝতে পারছি না।” |
| ☐ | ☐ | “ওটা হল সবচেয়ে হাস্যকর বিষয় যা কখনো শুনি নাই।” |

যীশুকে অনুসরণ করার সিদ্ধান্তে আপনার পিতামাতা ও বন্ধুদের সাড়া প্রদান যে রকমই হউক না কেন এটা কোন বিষয় নয়, আপনার প্রয়োজন তাদেরকে ভালোবাসা এবং যীশুতে বাধ্য থাকা। বাস্তবিকভাবে, আপনি কিভাবে উভয় কাজই করতে পারবেন?

**আমার পিতামাতাকে কি বলব?**

১-১০ নম্বর বিশিষ্ট মাপকাঠির সাহায্যে আপনার পিতামাতার সাথে আপনার সম্পর্কের পরিমাপ করুন:

**খুব খারাপ ১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ খুব ভালো**

আপনার সম্পর্কের মানের নির্বিশেষে, আপনার পিতামাতাই আপনার জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ। যখন থেকে যীশুর সাথে আপনার নতুন সম্পর্ক আপনার জীবনে পরিবর্তন করে। যীশুকে অনুসরণ করার আপনার সিদ্ধান্ত সম্পর্কে আপনার পিতামাতার অবশ্যই জানা দরকার। সঠিকভাবে যোগাযোগের সবচেয়ে ভালো উপায় কি?

**আপনার উপর আপনার পিতার কর্তৃত্ব স্বীকার করুন**। আপনি কিভাবে সঠিক উপায়ে আপনার পিতামাতার সিদ্ধান্তে সাড়া প্রদান করবেন, যখন তারা আপনার খ্রীষ্টকে অনুসরণ করার সিদ্ধান্তের বিপক্ষে দাড়ায়? ফলাফল কী হবে?

**পাঠ করুন ইফিষীয় ৬:১-৩ পদ**

**পিতামাতার সাথে যোগাযোগ বজায় রাখুন**। যীশু আপনার নিকট কি অর্থ বহন করে সে সম্পর্কে পিতামাতাকে পরিস্কার করে বলুন। কিন্তু তাদের সাথে কোন ধরণের বিতর্ক করবেন না কিংবা যীশুতে বিশ্বাস স্থাপনে জোড়াজোড়ি করবেন না। এটি আপনি কিভাবে করতে পারেন?

**পাঠ করুন ইফিষীয় ৪:১৫ পদ**

**আপনার পিতামাতার বিশ্বাস অর্জন করুন**। আপনার পিতামাতাকে ভালোবেসে এবং সম্মান প্রদর্শন করে একজন প্রকৃত খ্রীষ্টিয়ান হিসেবে পরিবারে বাস করুন। তাহলে, তারা আপনাকে বিশ্বাস করবে এবং যীশুর সাথে আপনার সম্পর্কের ইতিবাচক প্রভাবগুলি লক্ষ্য করবে। এটি আপনি কিভাবে করতে পারেন?

**পাঠ করুন ইফিষীয় ৪:২৯-৩২ পদ**

**আপনার পিতামাতার প্রয়োজন জানুন।** নিজের প্রয়োজনের বিষয়ে চিন্তার পরিবর্তে আপনার পিতামাতার প্রয়োজন মিটানোর চেষ্টা করুন।

**পাঠ করুন ফিলিপীয় ২:৩-৪।** ________________________________________________

________________________________________________________________

আপনার পিতামাতা আপনাকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন এটা দেখার জন্য যে, যীশুকে অনুসরণ করার সিদ্ধান্তটি শুধু মাত্র অন্য একটি "অগ্রগতির ধাপ" আপনি যার মধ্য দিয়ে অতিক্রম করছেন অথবা তা আরো বাস্তব ও দীর্ঘস্থায়ী। আপনি একজন "এক-সপ্তাহের বিস্ময়" হবেন না। তাদেরকে দেখতে দিন যে খ্রীষ্টের উপস্থিতি আপনার জীবনে চিরস্থায়ী। খুবই খাঁটি হওয়ার জন্য চেষ্টা করবেন না, শুধুমাত্র যীশুতে বাধ্য থাকুন এবং পিতামাতার সাথে প্রেমপূর্ণ সততায় আবদ্ধ থাকুন।

**আমার বন্ধুদের কি বলব?**

আপনার সর্বোত্তম তিন বন্ধুর কথা ভাবুন। আপনার বন্ধুদের প্রতিক্রিয়া কি হতে পারে বলে আপনি মনে করেন যখন যীশুর সাথে আপনার নতুন সম্পর্কের বিষয় তাদের জানাবেন?

| **নাম** | **প্রতিক্রিয়া** |
| --- | --- |
| ______________ | ____________________________________ |
| ______________ | ____________________________________ |
| ______________ | ____________________________________ |

যীশু খ্রীষ্টকে আপনার জীবনে গ্রহণ করার ক্ষেত্রে আপনার তিন বন্ধু তিনটি প্রতিক্রিয়া সম্ভবত একই ধরণের।

## প্রতিরোধ

প্রতিরোধকারীরা এরূপ বলে, "দেখ, যীশু হয়তো তোমার জন্য ভালো, কিন্তু আমিও তো খারাপ নাই। আমার এইসবের প্রয়োজন নাই।" যীশুর অনুসারীরা প্রায়শই এই ধরণের প্রতি উত্তরের সম্মুখীন হন। কিভাবে ফিলিপের বন্ধু নথনিয়েল নিজেকে প্রতিরোধ করেছিলেন যখন যীশুর সম্মুখীন হয়েছিলেন? **পাঠ করুন যোহন ১: ৪৩-৪৯।**

______________________________________________________________________

কিভাবে ফিলিপ নথনিয়েলের প্রতিরোধকে জয় করেছিলেন? ফিলিপ কখনোই নথনিয়েলকে জোড় করেননি সেইগুলি করতে যা তিনি চাইতেন না। তিনি শুধুমাত্র নথনিয়েলকে আমন্ত্রণ জানিয়েছিলেন আসার এবং দেখারা জন্য। আর যীশু সেখান থেকেই তাকে গ্রহণ করলেন। আপনিও অনুরূপ প্রতি উত্তর করতে পারেন আপনার প্রতিরোধমূলক বন্ধুদের ক্ষেত্রে। বিতর্কের পরিবর্তে, তাদেরকে আহ্বান করুন যীশুর প্রতি দৃষ্টি রাখতে।

## পরিত্যাক্ততা

আপনি কিছু বন্ধুদের প্রত্যাশা করতে পারেন যারা আপনাকে পরিত্যাগ করবে কারণ তারা মনে করে যে আপনি একজন "বিদঘুটে যীশুর অনুসারী।" তারা এইরূপ প্রতিক্রিয়া দেখাবে ভয়, অপরাধবোধ, ভন্ডতা, অতীত অভিজ্ঞতা, অথবা 'ধর্ম্মীয়' বন্ধ মন/গোঁড়ামী এই সবের জন্য। আপনি হয়তো বুঝতে পারবেন যে আপনার বন্ধুরাও আপনাকে ত্যাগ করেছে। অধিকন্তু, যীশুও পরিত্যাক্ত হয়েছিলেন। শত শত বছর পূর্বে যীশুর জন্ম হয়েছিল, ভাববাদী যিশাইয় যীশুর প্রতি কী ব্যবহার হবে তা লিখেছেন। কি ঘটেছিল যখন তিনি প্রত্যাক্ষ্যাত হলেন? **পাঠ করুন, যিশাইয় ৫৩: ৩-৫ পদ।**

______________________________________________________________________

যীশু কি ধরণের সাড়া প্রদান করেছিলেন, যখন লোকে তাকে পরিত্যাগ করেছিল? **পাঠ করুন, ১ পিতর ২: ২৩ পদ।**

______________________________________________________________________

যদিও আপনার বন্ধুরা যীশু সম্পকে কথা বলতে চইবে না, তথাপি তাদেরকে ভালোবেসে যাবেন, তাদের জন্য প্রার্থনা করে যাবেন, তাদের সাথে কথা বলার চেষ্টা চালিয়ে যাবেন। বন্ধুদের জন্য নয় বরং যীশুর জন্য জীবন-যাপন করবেন। কে জানে? কোন এক সময় হয়তো তারা মন ফিরাবে এবং যীশুর সান্নিধ্য লাভ করবে।

## সিদ্ধান্ত

প্রত্যেক ব্যক্তি যারা নিজের জীবনের কথাই শুধু ভাবে এবং আপনাকে পরিত্যাগ করে, তাদের মধ্যে অনেকেই এইরূপ বলবে, "যীশু সম্পর্কে আমার অনেক ধরণের মতামত এবং প্রশ্ন ছিল। এখান থেকে কোন শিক্ষা নিয়ে কথা বলতে পারি?" বন্ধুদের মধ্যে অনেকেই ঈশ্বর সম্পর্কে আরো অধিক জানতে আগ্রহী হবে। শুধুমাত্র আপনি এখনো হয়তো জানেন না সে কে হতে পারে। নিম্নে বর্ণিত উপদেশগুলি আপনাকে সাহায্য করবে যে কী করে আপনি আপনার বন্ধুদের সাথে কথা বলবেন।

**মূল চিন্তা**

**আপনার পিতামাতা যে ধরণের সাড়া দেন না কেন এটা কোন বিষয় না, কিন্তু ঈশ্বর তাদের সাড়া ছাড়াই আপনার বৃদ্ধিতে সাহায্য করতে পারেন।**

**মানব স্তবক হইও না:** আপনার বন্ধুদের সন্তুষ্ট করার চেষ্টা এবং ঈশ্বরকে সন্তুষ্ট করার চেষ্টা এই দুইয়ের মধ্যকার দ্বন্দ সম্পর্কে সাধু পৌল ব্যাখ্যা করেছেন। **পাঠ করুন গালাতীয় ১: ১০ পদ**। আপনার নিজের ভাষায় বর্ণনা করুন।

____________________________________________________

**যীশুকে সন্তুষ্ট করার জন্য বেঁচে থাকুন, যদিও বন্ধুদের সাথে এখনো সময় যাপন করছেন**। কী ঘটতে পারে দু'টি একসাথে করার ক্ষেত্রে। **পাঠ করুন ১থিষলনীকীয় ১:৫ পদ**।

____________________________________________________

**বন্ধুদের ভালোবাসুন**। তাদেরকে কী পরিমাণ ভালোবাসবেন আপনি? **পাঠ করুন যোহন ১৫:১২**।

____________________________________________________

**পবিত্র আত্মায় আস্থা রাখুন যেন বন্ধুদের নিকট পৌঁছতে পারেন**। যখন আপনি এইরূপ করবেন তখন কী ধরণের ফলাফল হতে পারে?

**পাঠ করুন ১ করিন্থীয় ২:৪-৫ পদ।**

নির্ভয়ে, আপনার বন্ধুদের সাথে যীশুর বার্তা আদান- প্রদান করুন। পবিত্র আত্মা আপনার বন্ধুদের যীশুকে অনুসরণ করতে আকৃষ্ট করবেন, ঈশ্বর চান আপনার মাধ্যমে সুসমাচার তাদের কাছে পৌঁছাতে। ঈশ্বর কিভাবে তা করেন?

**পাঠ করুন রোমীয় ১: ১৬ পদ।**

আপনার থেকে ভালো দক্ষ আর কেউ নাই যিনি আপনার বন্ধুর কাছে পৌঁছাতে পারেন। ঈশ্বরকে বলুন যেন তিনি আপনাকে ব্যবহার করেন যাতে বন্ধুরা তাঁর সম্পর্কে আরো জানতে পারে।

**মূল চিন্তা**

**যীশু খ্রীষ্টকে চিহ্নিত করতে চেষ্টা করুন যখন আপনার বন্ধুদের সাথে থাকেন। মুক্তভাবে বলুন, "আমি যীশু খ্রীষ্টতে আছি।"**

### বাহিরের কাজ

-> খ্রীষ্টের সাথে আপনার সম্পর্কের বিষয় কিভাবে আপনার পিতামাতার কাছে বলতে পারেন তা লিখুন।

-> প্রার্থনা এবং একটি সময়ের পরিকল্পনা করুন যীশুকে অনুসরণ করার সিদ্ধান্ত সম্পর্কে পিতামাতাকে জানানোর জন্য। কখন?

-> আপনার জীবনের একটি গুরুত্বপূর্ণ চরিত্র বা কর্মের তালিকা করুন, যেটি আপনি চান যেন যীশু এটির পরিবর্তন করেন এবং আপনি আরো উত্তমরূপে খ্রীষ্টের প্রেম পরিবারে উপস্থাপন করতে পারেন।

___________________________________________________________________________

-> তিনজন বন্ধুর নাম লিখুন যাদের খ্রীষ্ট সম্পর্কে জানা দরকার এবং তাদের জন্য প্রতিদিন যে প্রার্থনা করতে চান তা-ও লিখুন।

| নাম | অনুরোধ সমূহ |
| --- | --- |
| ________________ | ________________________________________________ |
| ________________ | ________________________________________________ |
| ________________ | ________________________________________________ |

-> যে বন্ধু খ্রীষ্টের সম্পর্কে কথা বলতে প্রস্তুত তার নামে গোল চিহ্ন দিন। একটি বিশেষ বিষয় চিন্তা করুন এই সপ্তাহে ঐ বন্ধুর জন্য করবেন।

___________________________________________________________________________

-> যীশু: অতুলনীয় পুস্তিকাটি আপনার বন্ধুদের সঙ্গে পুনরালোচনা করুন। এই বইটি আপনার বন্ধুদের সাথে সুসমাচার সম্পর্কে আলোচনা করতে সাহায্য করবে।

"কেননা আমি সুসমাচার সম্মন্ধে লজ্জিত নহি; কারণ উহা প্রত্যেক বিশ্বাসীর পক্ষে পরিত্রাণার্থে ঈশ্বরের শক্তি; প্রথমত: যিহুদীর পক্ষে, আর গ্রীকের ও পক্ষে।"

**মুখস্ত পদ:**
**রোমীয় ১:১৬ পদ**

**যোগাযোগের সাহাযার্থে**

একটি বিশেষ বই আপনার বন্ধুদের সাথে সুসমাচার বিষয়ে যোগাযোগ রাখতে সাহায্য করবে। আপনি অর্ডার করতে পারেন "যীশু: অতুলনীয়" পুস্তিকাটি বর্হিনাগালে পৌঁছতে যুব সমাধান (রিচ আউট ইউথ সল্যুশন) প্রতিষ্ঠানের ঠিকানায়।

- **www.reach-out.org**
- ১-৮০০-৪৭৩-৯৪৫৬

# কিভাবে আমি সংযুক্ত হব ?

## শুরু হতে যাচ্ছে - সেশন ৪

একটি গাছের গুড়ি পুড়তে থাকে যতক্ষণ সেটি আগুনে থাকে। কিন্তু যখন এটি আগুন থেকে বের করে আনা হয়, এটি ধোঁয়া ছড়িয়ে জ্বলে এবং পোড়া বন্ধ হয়ে যায়। অন্যান্য বিশ্বাসীর সঙ্গে সাক্ষাৎ-ও ঠিক তেমনই, খ্রীষ্টের পক্ষে আমাদের 'আগুনে' রাখে।

আমার এমন একজন লোকের সঙ্গে সাক্ষাৎ করা প্রয়োজন যিনি যীশু খ্রীষ্টের সাথে সম্পর্কের উন্নয়ন করেছেন, যিনি বিশ্বাসীদের উত্তম পরিবারের মধ্যে এখনো সংযুক্ত হতে পারেন নাই।

এই জন্যই ঈশ্বর মণ্ডলীকে সাজিয়েছেন যেমন তিনি রেখেছেন। মণ্ডলীর সার্বিক পরিস্থিতি নিয়ে নিজের ভাষায় পদগুলি সহ আলোচনা করুন।

-> রোমীয় ১২:৪-৫ ——————————————————————————

-> ইফিষীয় ২:১৯-২১ ——————————————————————————

-> ইফিষীয় ৫:২৫-২৭ ——————————————————————————

যখন আপনি স্থানীয় মণ্ডলীতে অন্যান্য সদস্যদের সাথে প্রতিনিয়ত সাক্ষাৎ করবেন, মণ্ডলী আপনাকে নির্দিষ্ট উপায়ে সাহায্য করবে এবং আপনি অন্যান্য উপায়ে মণ্ডলীকে সাহায্য করবেন।

### অন্যদের সাহায্য করতে দিন

আপনি অতিসত্তর এটা বুঝতে পারবেন যে যীশুকে আরো উত্তমরূপে জানার জন্য অন্যদের দ্বারা শিক্ষা লাভ গ্রহণ করা উত্তম পদ্ধতি যারা যীশুকে জানে। অন্যান্য বিশ্বাসীরাও আপনাকে উৎসাহ দিবে এবং আধ্যাত্মিকভাবে বৃদ্ধিতে সাহায্য করবে।

যখন আপনি মণ্ডলী সম্পর্কে চিন্তা করেন তখন কী চিন্তা করেন? নিচের একটি বা একাধিক বিষয় চিহ্নিত করুন:

- ❑ আমি বিরক্ত।
- ❑ আমি এই সময়ে বল খেলতে ছিলাম।
- ❑ আমি কখনো যাই নি।
- ❑ আমি এটিতে আনন্দ পাই।
- ❑ আমার পোশাক পরিবর্তন করতে হবে।
- ❑ আমার অনেক বন্ধুরা আসে সেখানে।
- ❑ অঙ্গভঙ্গির মধ্য দিয়ে যাই।
- ❑ আমি শুধু পুনরুত্থান ও বড়দিনে যাই।

অন্যান্য বিশ্বাসীর সাথে একত্রিত হওনের ক্ষেত্রে নিম্নে প্রদত্ত পদগুলি কী গুরুত্ব বহন করে?

-> উপদেশক ৪:৯-১০ ____________________________________________

-> ১ থিষলনীকীয় ৫:১১ ____________________________________________

-> ইব্রীয় ১০: ২৪-২৫ ____________________________________________

যেমনিভাবে অন্য খ্রীষ্টিয়ানদের সাথে আপনি বন্ধুত্ব করছেন, প্রথমত আপনি অস্বস্তি বোধ করতে পারেন। কিন্তু তারা আপনার বিশ্বাসকে শক্তিশালী করতে পারে এবং বৃদ্ধিতে সাহায্য করতে পারে।

মণ্ডলীর সাথে সম্পর্কযুক্ত হউন কারণ এটা:

- যীশুকে জানার জন্য যুক্তভাবে ইচ্ছা পোষণ করে।
- যীশুকে কিভাবে অনুসরণ করতে হবে সে বিষয়ে শিক্ষা দেয়।
- আধ্যাত্মিকভাবে খুবই শক্তিশালী একটি যুব পরিচর্যা বিভাগ আছে।
- আপনার আধ্যাত্মিক জীবনে ব্যক্তিগত পছন্দের দিকে ধাবিত করে।

একটি উপায়ের চিন্তা করুন যা দ্বারা মণ্ডলী আপনাকে সাহায্য করতে পারে।

____________________________________________

**মূল চিন্তা**

**মণ্ডলী কোন প্রতিষ্ঠান নয়, বরং একটি জীবন্ত প্রাণ।**

**অন্যদের সাহায্য করুন**

বিশ্বাসীরা একে অন্যের সাথে সম্পর্কযুক্ত। আপনার এটি একটি সুবর্ণ সুযোগ যখন অন্যদের সাহায্য করতে পারেন।

**রোমীয় ১২:৯-১৬** পদগুলি পাঠ করুন। সকল উপায়গুলি লিখুন যার মাধ্যমে খ্রীষ্টিয়ানরা পরস্পর সম্পর্কযুক্ত হতে পারে।

________________ ________________ ________________

________________ ________________ ________________

________________ ________________ ________________

মণ্ডলীকে সাহায্য করার জন্য আপনার কাছে কি আছে?

________________________________________________

________________________________________________

অবিশ্বাসীদের সাহায্য করা এমন একটি কাজ যা মণ্ডলীও করে থাকে। তা হতে পারে যেভাবে আপনি বিশ্বাসী হলেন। কেউ আপনার নিকট পৌঁছিয়েছে।

খ্রীষ্টিয়ানগণ জীবনের সেই চাবিটি আবিষ্কার করেছে– যীশুকে জানা। অন্যরা জীবনের অর্থ খুঁজে বেড়াচ্ছে। সুতরাং বিশ্বাসীরা যীশু সম্পর্কে অন্যদের কাছে বলে থাকে।

যীশুকে জানতে বর্ণিত বাইবেলের পদগুলি কিভাবে সাহায্য করতে পারে?

-> মথি ৪:১৯ ——————————————————————————————

-> মথি ৯: ৩৬-৩৮ ——————————————————————————

-> যোহন ১: ২৫-৪২ —————————————————————————

যীশু খ্রীষ্টের সুসমাচার অন্যদের নিকট প্রকাশ করা হলো একটি চমৎকার সুযোগ। আপনি তাদের কাছে এটা বলতে পারেন যে কিভাবে যীশু আপনার জীবন পরিবর্তন সাধন করেছেন এবং তারা কী উপায়ে যীশুকে আরো জানতে পারে।

## বাহিরের কাজ

-> বিশ্বাসীদের কোন দলে আপনি যোগ দিতে আগ্রহী? ————————————————

-> তাদের কাউকে বলুন যেন আপনাকে তাদের দলে এই সপ্তাহে যুক্ত করেন। কে? ——————————

-> আপনি উপায় নির্ধারণ করুন যদ্দারা দলটি আপনাকে সাহায্য করতে পারে। ———————————

-> একটি উপায় আপনিও নির্ধারণ করুন যদ্দ্বারা আপনিও দলের কাউকে সাহায্য করতে পারেন। ——————

-> যীশুকে জানে না এমন একজন বন্ধুকে আমন্ত্রণ জানান। কে? ——————————————

এবং আইস, আমরা
পরস্পর মনোযোগ করি,
যেন প্রেম ও সৎক্রিয়ার
সম্বন্ধে পরস্পরকে উদ্দীপিত
করিয়া তুলিতে পারি; এবং
আপনারা সমাজে সভাস্থ
হওয়া পরিত্যাগ না করি–
যেমন কাহারও কাহারও
অভ্যাস– বরং যত অধিক
সন্নিকট হইতে দেখিতেছ,
ততই যেন অধিক এই
বিষয়ে তৎপর হই।

**মুখস্ত পদ:**
**ইব্রীয় ১০: ২৪-২৫ পদ**

## শুরু হতে যাচ্ছে - সেশন ৫

# কি ঘটবে যখন আমি ঝামেলায় জড়াবো?

এখন আপনি যীশুকে জানেন, কিন্তু কী ঘটবে যখন আপনার মেজাজ, নিয়ন্ত্রণ করতে পারবেন না, আপনার ছোট ভাইকে চড় মারবেন, মায়ের সাথে চেঁচামেচি করবেন, অথবা আরো খারাপ কিছু? যীশু কি আপনাকে ছেড়ে দিবেন? আপনি কি মনে করেন? ____________________________________________

আসুন, এবার দেখি, কি ঘটবে যখন আপনি ঝামেলায় জড়াবেন (পতিত হওন যাকে বাইবেল বলে 'পাপ')। পাপ হলো ঈশ্বরকে এইরূপ বলা, "আমি এই পরিস্থিতি নিজের বুদ্ধিতেই চালনা করছি।" যা হলো আপনার স্বাভাবিক প্রবণতা। রোমীয় ৩:১০-১১ পদ অনুসারে পাপের মনোভাব কিভাবে আপনার জীবনে প্রভাবিত করে?

____________________________________________________________________________

আপনি এখন ঈশ্বরের একজন সন্তান, পাপ ঈশ্বরের সাথে থাকা আপনার সহভাগিতাকে ভেঙ্গে দিতে পারে, কিন্তু খ্রীষ্টের সাথে থাকা আপনার সম্পর্ককে নয়। তাঁর সাথে থাকা আপনার সম্পর্ক কোন দিনও ভাঙ্গার নয়। ১ যোহন ১:৫-৭ পদে ঈশ্বরের সাথে থাকা সহভাগিতা ভাঙ্গার ক্ষেত্রে কি বলে?

____________________________________________________________________________

____________________________________________________________________________

আপনি যদি আপনার পিতার নিষেধ অমান্য করে তার গাড়িটি নিয়ে বের হন, আর টেলিফোন মেরু দিয়া গাড়ি চালনা করেন, তা আপনার পিতাকে দুশ্চিন্তাগ্রস্থ করবে। তথাপি, আপনার পিতা-পুত্রের সম্পর্ক অক্ষুন্নই থাকবে (আপনি এখনো তার পুত্র বা কন্যা), কিন্তু পূর্বের যে সহভাগিতা ছিল তা ক্ষণিকের জন্য বিনষ্ট হবে। তদ্রূপ যে কোন পাপ ও ঈশ্বরের সহিত আপনার সহভাগিতার ক্ষেত্রে দুশ্চিন্তার কারণ হয়।

**কিভাবে আমি পাপ স্বীকার করব?**

যীশুর অনুসারী হওয়ার পূর্বে সকলেই আমরা পাপ করেছি। আবার, বিশ্বাসী হওয়ার পরেও আমরা পাপ করেছি। পার্থক্য হল এই যে, এখন যীশু তাঁর ক্রুশে আমাদের পাপ সকল তুলে নিয়েছেন। আর এখন, পাপ করার পর ঈশ্বরের সাথে সহভাগিতা পুনঃস্থাপনের জন্য আপনি কি করতে পারেন?

**পাঠ করুন: ১ যোহন ১:৯ পদ।**

________________________________________________

“পাপ স্বীকার” বলতে আপনি কি বোঝেন?

________________________________________________

“পাপ স্বীকার” বলতে বোঝায় যে, আপনি ভুল করেছেন, এ বিষয়ে ঈশ্বরের সাথে এক মত হওয়া এবং আপনি সত্যিকারে তা হতে ফিরতে চান। আপনি এই ব্যাপারে একমত হবেন যে, আপনার জীবনে বিশেষ ক্ষেত্রে এই রূপ বলেছেন, “আমি আমার মত করেই সব করেছি”। আর এখন যীশুকে বলুন, “আমি পরিবর্তিত হতে চাই এবং তোমার মত করে চলতে চাই।”

**পাপ স্বীকার করণার্থে:**

-> ঈশ্বরের সাথে একমত হওয়া যে আপনি ভুল।

-> ঈশ্বরকে ধন্যবাদ দিন কারণ যীশু আপনার নির্দিষ্ট পাপের জন্য ক্রুশে জীবন দিয়েছেন।

-> যীশুকে বলুন যেন তিনি আপনার পাপমত অবস্থা তুলে নেন এবং আপনাকে পরিবর্তন করেন।

-> আপনার পাপপূর্ণ চরিত্র ও কার্যাবলি সংশোধনের নিমিত্ত পদক্ষেপ গ্রহণ করুন।

মুখ দিয়ে বললেই পাপ স্বীকার হয় না। আপনাকে অবশ্যই একটি সৎ প্রচেষ্টা রাখতে হবে পাপ থেকে নিজেকে বিরত রাখতে।

**মূল চিন্তা**

খ্রীষ্টিয়ানেরা খাঁটি নয়, শুধুমাত্র ক্ষমাপ্রাপ্ত।

**ঈশ্বর কি করেন?**

যখন আপনি আপনার পাপগুলি স্বীকার করেন তখন ঈশ্বর কি করেন?

**১ যোহন ১;৯ পদ পাঠ করুন।**

তিনি দু'টি বিষয় সম্পন্ন করেন: - ঈশ্বর সর্বদা আপনাকে ক্ষমা করেন।
- ঈশ্বর চিরকালের জন্য আপনার পাপ ভুলে যান।

যখন আপনার পাপ স্বীকার করেন, ঈশ্বর স্লেট পরিস্কার করে দেন এবং তাঁর সাথে আপনার সহভাগিতা পুনঃস্থাপন করেন। আপনার পাপ ছোট কিংবা বড় হউক তা কোন বিষয় নয়। যখন আপনি পাপ স্বীকার করেন, ঈশ্বর সে বিষয়ে ক্ষমা করেন এবং ভুলে যান।

কেন? **পাঠ করুন ১ পিতর ২:২৪ পদ।**

"যদি আমরা আপন আপন পাপ স্বীকার করি, তিনি বিশ্বস্ত ও ধার্মিক, সুতরাং আমাদের পাপ সকল মোচন করিবেন, এবং আমাদিগকে সমস্ত অধার্মিকতা হইতে শুচি করিবেন।"

**মুখস্ত পদ:**
**১ যোহন ১:৯ পদ**

আপনি বলতে পারেন, "কিন্তু আমি যদি ক্ষমা বোধ না করি?" মনে রাখবেন যে আপনি ঈশ্বরকে বিশ্বাস করেছেন আপনার বিশ্বাসে, আপনার আবেগে নয়। ক্ষমাও ঠিক একই ভাবে কাজ করে। আপনি নিজেকে দোষী ভাবুন এটা ঈশ্বর চান না। আপনি যদি পাপ স্বীকার করে থাকেন, তবে আপনি এই ব্যাপারে নিশ্চিত হবেন যে আপনার পাপ ক্ষমা হয়েছে। ১ যোহন ১:৯ পদে প্রদত্ত ঈশ্বরের দেয়া প্রতিজ্ঞার দাবি করবেন এবং চলার পথে ও বৃদ্ধিতে সেটি ধরে রাখবেন।

**বাইরের কাজ:**

-> আপনার জীবনের কোন পাপটিকে এই মূহুর্তে স্বীকার করা আবশ্যক? একটি কাগজে সেইগুলি লিপিবদ্ধ করুন, ছোট বা বড় হউক এটা কোন বিষয় নয়। ঈশ্বরের কাছে এক এক করে পাপ স্বীকার করুন। যীশুকে ধন্যবাদ দিন কারণ আপনার পাপের জন্য তিনি ক্রুশে প্রাণ দিয়েছেন। তাঁর প্রতিজ্ঞার প্রত্যাশা করুন যেন তিনি আপনাকে পরিস্কৃত এবং ক্ষমা দান করেন। ( ১ যোহন ১:৯) । ঈশ্বরকে বলুন আপনার জীবনের সকল প্রকার পাপ তুলে নিতে এবং সেগুলি পরিবর্তন করতে।

-> আপনার পাপগুলি লিপিবদ্ধ করা কাগজটি নিক্ষেপ করুন যার দ্বারা ঈশ্বরের পরিস্কৃত করণ এবং ক্ষমা দান বুঝায়।

# শুরু হতে যাচ্ছে - সেশন ৬

**কিভাবে আমার জীবন পরিবর্তিত হবে ?**

কোন এক লোক বলেছিলেন, "শুধুমাত্র জীবনে ঘটনার পরিবর্তন হয়।" সম্ভবতঃ আপনি এই পরিস্থিতিতে নিজেকে জিজ্ঞাসা করতে পারেন, "কিভাবে বুঝতে পারব যীশু আমার জীবন পরিবর্তন করছেন?" আপনার জীবন পরিবর্তনের ক্ষেত্রে আপনার অনুভূতি প্রকাশ করুন। এটি কীভাবে ইতিমধ্যে পরিবর্তন সাধিত হয়েছে? এখনো আর কীসের প্রয়োজনীয়তা আছে পরিবর্তনের ক্ষেত্রে?

যেমনিভাবে আপনি ঈশ্বরের সাথে সময় দিচ্ছেন তিনি প্রতিনিয়ত আপনার প্রশ্নের উত্তর দেখতে পারেন। এর কারণ হচ্ছে যে, তিনি যে পরিবর্তন সাধন করেছেন তা সব সময় আপনার সর্বোত্তম পছন্দ। যোহন ১০:১০ পদ অনুসারে, ঐটি কেন সত্য?

অভ্যন্তরীন দিক প্রকাশ করা

মানুষ সাধারণত: অন্যদের বাহ্যিক বিষয় দেখেই বিচার করে ফেলে– তারা কিভাবে দেখেও কাজ করে। কিন্তু যখন একটি ব্যক্তি যীশু খ্রীষ্টকে গ্রহণ করেন, পরিবর্তন সমূহ ভেতর হতেই হয়, বাহির হতে নয়।

ভেতর থেকে আপনি একজন নতুন মানুষ, যদিও আপনাকে দেখতে একই রকম এবং আপনার অনুভূতি ও কার্যাবলিও একই রকমের। যখন আপনি যীশুর একজন অনুসারী হলেন, ঈশ্বর আপনাকে এমন কোন নিয়মনীতির তালিকা দেননি যে এটা কর বা ওটা করো না। অনেক মানুষ মনে করে খ্রীষ্টিয় জীবন একটি লম্বা নিয়মকানুনের তালিকা বিশিষ্ট। কিন্তু নিয়মনীতিগুলি আপনার বাহ্যিক ব্যবহারের উপর প্রভাব বিস্তার করে।

নীতিমালার পরিবর্তে, ঈশ্বর আপনাকে পবিত্র আত্মা দিয়েছেন। পবিত্র আত্মা কোথায় বাস করেন?

**পাঠ করুন: ১ করিন্থীয় ৬:১৯ পদ।**

__________________________________________________________

এখন আপনার নিকট যীশু খ্রীষ্টের আত্মা আছেন- পবিত্র আত্মা– আপনার মাঝে বাস করেন। পবিত্র আত্মা হল সেই ক্ষমতার উৎস যা আপনার ভেতর বাহির অবস্থার পরিবর্তন সাধন করেন। আপনার মাঝে সেই ক্ষমতা রয়েছে। ঈশ্বর যেমন চান তেমনি ভাবে বেঁচে থাকার জন্য। কীভাবে পবিত্র আত্মা আপনার পরিবর্তন সাধন করেন?

**পাঠ করুন: রোমীয় ৮:৯-১১ পদ।** __________________________________________

## আধ্যাত্মিক শ্বাস-প্রশ্বাস

শারীরিকভাবে বেঁচে থাকতে এবং সুস্বাস্থ্যের জন্য আপনাকে অবশ্যই শ্বাস-প্রশ্বাস করতে হয়। যখন আপনি শ্বাস-প্রশ্বাস করেন তখন আপনি কার্বন-ডাই অক্সাইড বাহির/পরিত্যাগ করেন এবং জীবন দায়ক অক্সিজেন গ্রহণ করেন। আধ্যাত্মিকভাবে শ্বাস করেন, আপনি আপনার পাপ স্বীকার করেন এবং আপনার জীবন পূর্ণ ও নিয়ন্ত্রণের জন্য পবিত্র আত্মাকে সুযোগ দিয়ে থাকেন।

## পরিবর্তন সাধন

আপনি ভাবতে পারেন, "আমার কিছু বিষয়ের পরিবর্তন চাই না। আমি অনেক দিন যাবৎ এগুলি করে আসছি, আপনি একেবারেই সত্য। তবে আপনি আপনার ক্ষমতার পরিবর্তন সাধন করতে পারবেন না। কিন্তু আপনি আপনার নিজের ক্ষমতার মধ্যে কখনোই সীমাবদ্ধ নন। আপনার মাঝে যদি পবিত্র আত্মাকে কাজ করতে অনুরোধ করেন, তিনি ঐ সমস্ত কঠিন পরিবর্তন সাধনে আপনাকে সাহায্য করবেন।

**মথি ১৯:২৬ পদে** আপনাকে প্রদত্ত ঈশ্বরের প্রতিজ্ঞার প্রতি দৃষ্টিপাত করুন। ঐ প্রতিজ্ঞা আপনার নিকট কী অর্থ বহন করে?

পবিত্র আত্মা যখনই আপনার মধ্যে অবস্থান করছেন তখনই আপনার পুরানো জীবন স্থানান্তরিত হয়েছে। আপনাকে আর কখনোই "পুরানো আপনি" এই অবস্থায় বাঁচতে হবে না।

**পড়ুন, কলসীয় ৩:১-১৭** এবং প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দিন:

কোন বিষযটি আপনার জীবন পরিবর্তনের জন্য সম্ভবপর করে তোলে? (১ পদ)

আপনার জীবন পরিবর্তনের সাহায্যে আপনার কীসের প্রয়োজন রয়েছে? (২ পদ)

আপনার পুরানো জীবনের সাথে যুদ্ধ করতে আপনার কীসের প্রয়োজন? (৫ পদ)

কোন বিষয়গুলি আপনার কাছাকাছি রাখা দরকার? (৫-৯ পদ)

'পরিধান' করতে আপনার কী প্রয়োজন? (১২-১৭ পদ)

**ঈশ্বরের শক্তি আপনার জীবনের যে কোন কিছুই পরিবর্তন করতে পারে।**

**মূল চিন্তা**

পাঠ করুন **গালাতীয় ৫:২২-২৩ পদ,** যীশুর গুণাবলীর একটি তালিকা প্রস্তুত করুন যেগুলি পবিত্র আত্মা আপনার মাঝে প্রতিস্থাপন করেন। যেমনিভাবে আপনি এগুলোর তালিকা করেছেন, ঈশ্বরকে ধন্যবাদ দিন যে আপনি এর প্রত্যেকটি উপভোগ করেছেন।

## বাহিরের কাজ

-> আপনার জীবনের একটি নির্দিষ্ট বিষয় নির্ধারণ করুন যা আপনি চান যেন খ্রীষ্ট তা পরিবর্তন করেন।

-> এই সপ্তাহে ঐ ক্ষেত্রে "পরিধান" বিষয়ে আপনার কী বিষয়ের প্রয়োজনীয়তা আছে?

-> 'পরিধান' করা এবং 'পরিত্যাগ' করার ক্ষমতা কোথা হইতে আইসে?

-> পরবর্তী সপ্তাহব্যাপী, আপনার জীবনে আধ্যাত্মিক শ্বাস গ্রহণের অভ্যাস গড়ে তুলুন। প্রত্যেক সময় এটা স্বীকার করুন যে আপনি পাপ করেছেন এবং পবিত্র আত্মা ঐ সকল সমস্যার নিয়ন্ত্রণ করেন। যখনই আপনার মনে সমস্যা আসবে তখন পবিত্র আত্মার সাথে সহযোগিতার ক্ষেত্রে খুবই সতর্কতা অবলম্বন করুন। যে সকল পরিবর্তনগুলি আপনি এই সপ্তাহে অভিজ্ঞতা অর্জন করেছেন তা ছোট বা বড় যেমনই হোক সেগুলি তালিকাবদ্ধ করুন।

**আর দ্রাক্ষারসে মত্ত হইও না, তাহাতে নষ্টামি আছে; কিন্তু আত্মাতে পরিপূর্ণ হও;**

**মুখস্ত পদ:**
**ইফিষীয় ৫:১৮-১৯ পদ**

# আরো পাঠ করুন

এখন আপনি যীশু খ্রীষ্টের সাথে আপনার জীবন শুরু করেছেন, আপনার এই অবস্থাকে ধরে রাখতে হবে যেন যীশুকে আরো ভালোভাবে জানতে পারেন। দলীয় ভাবে এটি করতে পারেন এবং ***'পরিপক্কতার দিকে অগ্রসর'*** পাঠ্যক্রমটিতে ***"যীশুকে অনুসরণ"*** বইটি অনুসারে চলুন। ***'পরিপক্কতার দিকে অগ্রসর'*** পাঠ্যক্রমের প্রতিটি বই একটার পর একটা অনুসরণ করুন।

**যীশুকে অনুসরণ - বইটি** একটি ভিত্তি প্রতিষ্ঠা করে যা খ্রীষ্টের সাথে একটি শক্তিশালী সম্পর্কের ক্ষেত্রে প্রযোজ্য। এটি খ্রীষ্টের সাথে সম্পর্ক উন্নয়নের কথাই বলে, শিক্ষার্থীদের জন্য ঈশ্বরের উদ্দেশ্য এবং তাঁর অদ্বিতীয় পরিকল্পনা প্রকাশ করে, ঈশ্বরের এবং অন্যদের প্রতি প্রেম প্রদর্শন করে এবং ঈশ্বরের ইচ্ছা আবিষ্কার করে।

**ঈশ্বরের সঙ্গে একাকী সময় যাপন-** বইটি শিক্ষার্থীদের একটি অর্থবহ আধ্যাত্মিক জীবন যাপনের মধ্য দিয়ে খ্রীষ্টের সাথে আরো গভীর সম্পর্ক উন্নয়নের সহায়তা করে। শিক্ষার্থীরা এটাও জানতে পারবে যে কীভাবে বাইবেল অধ্যয়ন, পদ মুখস্ত করণ, প্রশংসা ও প্রার্থনার মাধ্যমে যীশুর সাথে প্রতিদিন একটি অন্তরঙ্গ সম্পর্ক রক্ষা করা যায়।

**যীশুকে প্রভুত্বকরণ-** বইটি শিক্ষার্থীদের চ্যালেঞ্জ ছুড়ে দেয় যীশুকে মান্য করা এবং দিনের পর দিন প্রতিটি বিষয়ের উপর তাঁর নিয়ন্ত্রন প্রতিষ্ঠা করার ক্ষেত্রে যেগুলোর সম্মুখীন হন। তারা এগুলো বুঝতে পারবে যে কিভাবে পিতা, পুত্র এবং পবিত্র আত্মা তাদের যৌনতা, বন্ধুত্ব, নিজস্ব অবস্থান, পিতা-মাতা, চরিত্র এবং অভ্যাস বিশিষ্ট জীবন-যাত্রার পরিবর্তন সাধন করেন।

**তোমার বিশ্বাস ছড়িয়ে দাও-** বইটিতে শিক্ষার্থীদের খ্রীষ্টের সাথে যোগাযোগ করতে প্রস্তুত করে। সম্পর্ক উন্নয়নের মাধ্যমে, খ্রীষ্টের সাথে কথোপকথন শুরুর মাধ্যমে, গল্প এবং সুসমাচার প্রচারের মাধ্যমে, শিক্ষার্থীরা আত্ম-বিশ্বাসী হয়। যীশুর সাথে সাধারণভাবে প্রকাশ পাওয়ার জন্য।

**তোমার জগৎকে প্রভাবিত কর-** বইটি শিক্ষার্থীদের বিদ্যালয় এবং মণ্ডলীতে দাসরূপ পরিচালক হতে সাহায্য করে। শিক্ষার্থীরা ঐ চ্যালেঞ্জ গ্রহণ করবে যার মাধ্যমে আহতদের দেখাশুনা, তাদের কিছু দেওয়া, মানুষের সেবা এবং শিষ্যত্ব গঠন করবে।

**ঈশ্বরের সাথে একান্ত সময় যাপন নোট বইটি** ঈশ্বরের সঙ্গে একান্ত সময় যাপন করার জন্য নির্দিষ্ট দিক নির্দেশনা দান করে এবং দশ সপ্তাহের বিভিন্ন কার্যক্রম দেয় এই অবস্থাকে শক্তিশালী করে তোলার জন্য।

**যীশু: অতুলনীয় পুস্তিকা**

এই বইটিতে আপনার বন্ধুদের নিকট যীশুকে উপস্থাপন করতে সাহায্য করবে।

**আপনি 'বর্হিনাগালে যুব সমাধান' থেকে এই বইগুলি অর্ডার করতে পারেন। আমাদের সাথে অনলাইনে যোগাযোগের জন্য এই ওয়েবসাইটে ভ্রমন করুন-www.reach-out.org অথবা ১-৮০০-৪৭৩-৯৪৫৬ নম্বরে ডায়াল করুন।**

# কিভাবে একজন বন্ধুকে "শুরু হতে যাচ্ছে" বইটি সম্পর্কে জানাতে পারেন

বন্ধুদের সঙ্গে চলার ক্ষেত্রে **"শুরু হতে যাচ্ছে'**-এর মাধ্যমে নিম্নে বর্ণিত পদক্ষেপগুলি অনুসরণ করুন।

- যীশু: অতুলনীয় পুস্তিকাটি পাঠ করুন। নিশ্চিত হউন যে আপনার বন্ধু যীশুকে গ্রহণ করেছেন।
- যীশুর সাথে তার নতুন সম্পর্ক উন্নয়নে আপনি যে তাকে সাহায্য করতে চান সে ব্যাপারে বলুন। এক সঙ্গে পাঠ করুন কলসীয় ২:৬-৭ পদ। একটি বাগানের দৃষ্টান্ত তুলে ধরুন। "মনে করুন আপনি একটি বাগানে গাছ রোপন করেছেন। সেই বাগানে কী হতে পারে যদি- আপনি সেখানে কখনোই জল না দেন, আগাছা পরিস্কার না করেন, অথবা সার না দেন? কিন্তু, জল সেচন, আগাছামুক্তকরণ, কিংবা সার প্রয়োগ, এগুলির কারণে গাছটি দ্রুত বেড়ে উঠবে। খ্রীষ্টের সহিত আপনার সম্পর্ক ঠিক তেমনই বাস্তব।" তাকে বলুন, সে পরবর্তী ছয় সপ্তাহের প্রতি সপ্তাহে একবার আপনার সাথে 'শুরু হতে যাচ্ছে" বইটি অনুসারে কাজ করতে চায় কি না। তাকে এটাও বলুন যে আপনি তার সাথে এ ব্যাপারে কাজ করতে চান তবে কিছু নিজের বিষয় আছে যা তাকেই করতে হবে।
- আপনার বন্ধুকে "শুরু হতে যাচ্ছে বইটি দেখান। আরো পরবর্তী ছয়টি বই পাঠ করুন যেগুলো এই বইয়ের সম্পূর্ণতা আনবে (পরবর্তীতে কী আছে তা দেখুন)। তাকে বলুন যে আপনি এই বিষয়গুলি সহভাগ করতে চান। এইগুলি সহভাগ করার জন্য একটি নির্দিষ্ট সময় ও স্থান নির্বাচন করুন। তাকে স্মরণ করিয়ে দেবার জন্য আগেই ফোন করবেন বা জানাবেন।

**সেশনগুলিতে আলোচনা**

"শুরু হতে যাচ্ছে" বইটি কার্যকররূপে ব্যবহার করার জন্য, একজন নতুন বিশ্বাসীর অবশ্যই আলোচনা করা দরকার যে সে অভিজ্ঞ/পরিপক্ক খ্রীষ্টিয়ানদের কাছে যে সকল বিষয়গুলি শিখেছে। সে যে আপনি! বাইবেলের বিষয় আলোচনা এবং বিভিন্ন প্রশ্নের উত্তর আদান-প্রদান আপনার বন্ধুকে আধ্যাত্মিকভাবে বৃদ্ধি পেতে সাহায্য করবে। নিচের কার্যক্রমগুলি একজন নতুন বিশ্বাসীকে ব্যাপকভাবে সাহায্য করবে।

**তাকে বলুন, কী।** তাকে বলুন এই সেশনের লক্ষ্য কী এবং এটি শেষ করে সে কোন বিষয়গুলি জানতে পারবে।

**তাকে বলুন, কেন।** শাস্ত্রানুসারে এবং খ্রীষ্টিয় অভিজ্ঞতার আলোকে আপনাদের আলোচনা অব্যহত রাখুন।

**তাকে দেখান, কিভাবে।** বইটির মূল নীতি সমূহ ব্যাখ্যা করার জন্য উপযুক্ত সাহায্য এবং উপকরণাদি ব্যবহার করুন। উদাহরণ স্বরূপ, বাইবেল পাঠ এবং প্রার্থনার সময় আপনি যা করেন তা তাকে জানাবেন।

**তাকে শুরু করাবেন।** তার সাথে পাঠগুলির অনুশীলন করুন। একসাথে পাঠগুলির আলোকে কাজ করার জন্য তার সাথে সাক্ষাৎ করুন। হ্যাঁ, দুইজনে মিলিত হবার পূর্বেই আলাদাভাবে বিষয়গুলি নিয়ে কাজ করবেন।

**তাকে সামনে অগ্রসর হতে সহায়তা করুন।** এটা মনে করবেন না যে, সে একটা অনুশীলন করেছে বলে সবগুলি নিজেই সমাধান করবে,

অথবা একটা যেহেতু সুন্দরভাবে সম্পন্ন করেছে বাকীগুলিও চালিয়ে যাবে। তাকে উৎসাহিত করতে থাকুন।

**এটিকে সহভাগ করুন।** যীশু খ্রীষ্ট সম্পর্কে যা জানতে পেরেছে তা অন্যদের কাছে সহভাগ করতে তাকে সাহায্য করুন, যীশু সম্পর্কে প্রথমে তাদের বলুন অতঃপর, নতুন বিশ্বাসীদের বৃদ্ধিতে কীভাবে সাহায্য করা যায় সে সম্পর্কে শিখাবেন। এভাবেই তার জীবনের মাধ্যমে ফল উৎপাদিত করা হবে !

### পদ্ধতিগুলি অনুসরণ করুন

আরো উত্তমরূপে আলোচনা করার জন্য নিচের পদ্ধতিগুরো অনুসরণ করুন।

- অন্যদের ব্যক্তিগত জীবন সম্পর্কে জানতে কিছু সময় ব্যয় করুন।
- পাঠ অনুসরণ করুন এবং প্রশ্নগুলির উত্তর দিন। বাইবেলের প্রতিটি পদ পাঠ করুন এবং এগুলি নিয়ে আলোচনা করুন।
- "বাহিরের কাজ" সেশনটি নিয়ে ধারাবাহিক আলোচনা করুন। তার চাহিদাগুলি আলো নির্দিষ্ট করানোর ক্ষেত্রে তাকে সাহায্য করুন।
- মুখস্ত পদগুরি একসাথে পাঠ করুন। এই দিক নির্দের্শনাগুলি যেন সে শিখতে পারে।
  - বাইবেলের পদের শুরুতে এবং শেষে বিষয় এবং প্রসঙ্গ চিহ্নিত করুন।
  - একই সময় একটি পদ শিখুন এবং পুনরাবৃত্তি করুন যতক্ষণ না এটি জানেন; অতঃপর পরবর্তী পদটি বলুন।
  - ঐ সপ্তাহে প্রতিদিন পদটি পর্যালোচনা করুন।
  - একে অন্যের নিমিত্ত প্রার্থনা করুন। তার প্রয়োজনের বিষয় জিজ্ঞাসা করুন, অতঃপর আপনার প্রয়োজন জানান।

### আপনার বন্ধুদের জন্য প্রার্থনা

- শয়তান এবং পৃথিবীর মন্দতার হাত থেকে তার নিরাপত্তার জন্য প্রার্থনা করুন।
- প্রার্থনা করুন যেন সে একজন পরিপক্ক বিশ্বাসী হয়ে উঠতে পারে।
- প্রার্থনা করুন যেন সে প্রতিটি পাঠ বুঝতে পারে এবং তার জীবনে এগুলি ব্যবহার করার ক্ষেত্রে ঈশ্বরের বাধ্য থাকে।
- তার নির্দিষ্ট প্রয়োজনীয়তার জন্য প্রার্থনা করুন।

## শক্তিযুক্ত পরামর্শঃ

**একজন নতুন খ্রীষ্টিয়ানকে সাহায্য করার জন্য আপনার সর্বোত্তম পন্থা হল তার জন্য প্রার্থনা করা!**

# পরিপক্কতার দিকে অগ্রসর হবার সিরিজ থেকে

## শুরু হতে যাচ্ছে

আপনি যীশুর সাথে একটি সম্পর্ক শুরু করলেন। আপনার জীবনে এখন কী ঘটল? এই বইটি আপনাকে যীশু খ্রীষ্টের সাথে নতুন সম্পর্ক স্থাপনে সহায়তা করবে। আপনি যীশুকে উত্তমরূপে জানতে পারবেন এবং কীভাবে এই নতুন জীবন যাপন করবেন তা বুঝতেও পারবেন। আপনি নিম্নে বর্ণিত প্রশ্নসহ অনেক গুরুত্বপূর্ণ প্রশ্নগুলির উত্তর খুঁজে পাবেন:

- কি ঘটেছিল যখন আমি খ্রীষ্টকে গ্রহণ করেছি ? (সেশন ১)
- কিভাবে আমি ঈশ্বরে সঙ্গে যোগাযোগ রাখব ? (সেশন ২)
- কিভাবে আমি অন্য লোকদের কাছে বলব ? (সেশন ৩)
- কিভাবে আমি সংযুক্ত হতে পারি ? (সেশন ৪)
- কি হবে যখন আমি ঝামেলায় জড়াবো ? (সেশন ৫)
- কিভাবে আমার জীবন পরিবর্তিত হবে ? (সেশন ৬)



**ব্যারি সেন্ট ক্লেইর,** প্রত্যাশা করেন যে অনেক কিশোর-কিশোরীরা খ্রীষ্টকে অনুসরণ করতে আরো অধিক রূপে অনুপ্রাণিত হবে। রিচ আউট ইউথ সল্যুশন-এর প্রেসিডেন্ট হিসেবে, তিনি হাজার হাজার শিক্ষার্থীদের শিক্ষা দেন এবং ইতিমধ্যে ২০টিরও বেশি বই লিখেছেন, "পরিপক্কতার দিকে অগ্রসর" বইটি সহ। ব্যারি যুব নেতা, পিতামাতা এবং শিক্ষার্থীদের খ্রীষ্টের জন্য সুসজ্জিত করার লক্ষ্যে সারা পৃথিবী ভ্রমণ করেছেন। তার নেতৃত্বে প্রায় হাজার হাজার মণ্ডলী খ্রীষ্ট কেন্দ্রিক যুব পরিচর্যা কৌশল গ্রহণ করেছে। ব্যারি তার দেশের ৩ নম্বর বাস্কেটবল দলে খেলেছেন এবং বোস্টন ম্যারাথন দৌড়েও অংশগ্রহণ করেছেন। তিনি এবং তার স্ত্রী, লয়ান্না, তাদের ৮ জন সন্তান-সন্ততি রয়েছে এবং তারা জর্জিয়ার আটলান্টাতে বসবাস করছেন।

ReachOut YOUTH SOLUTIONS

www.reach-out.org